

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৫৮

তারিখঃ ১৬ জুন, ২০২৬

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুন হারে স্টোরেন্ট আদায় সাময়িকভাবে স্থগিতকরণের মেয়াদ বৃদ্ধি করা প্রসঙ্গে।

সূত্রঃ চবক বিজ্ঞপ্তি নং-০৯/২০২৬, তারিখঃ ১৫/০৬/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুন হারে স্টোরেন্ট আদায়ের স্থগিতাদেশের মেয়াদ ১৫/০৬/২০২৬ইং তারিখে উত্তীর্ণ হওয়ার কথা ছিল। এই প্রেক্ষিতে চবক বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক স্থগিতাদেশের মেয়াদ আগামী ১৬/০৬/২০২৬ইং তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত বৃদ্ধি করে সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করে। সাথে সাথে বন্দর ব্যবহারকারীদের নিরবিচ্ছিন্ন সেবা প্রদান ও অপারেশনাল কার্যক্রম গতিশালি রাখার স্বার্থে আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

আপনাদের সদয় অবগতির জন্য বিজ্ঞপ্তিটি সংযুক্তি আকারে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

*Sumit 16/6/25*

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)  
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে (০১ পাতা)।



**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০৯/২০২৬

তারিখঃ- ০৫/০৬/২০২৬খ্রিঃ।

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোরেন্ট আদায় সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ চবক বোর্ড সিদ্ধান্ত নং- ২০০৫৯; তারিখঃ ০৯/০৬/২০২৬খ্রিঃ।


১। উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত চবক বোর্ড সিদ্ধান্ত মূলে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

“চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোরেন্ট আদায়ের স্থগিতাদেশ এর মেয়াদ আগামী ১৫/০৬/২০২৬খ্রিঃ তারিখে উত্তীর্ণ হবে বিধায় চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর ০৪ (চার) গুণ হারে স্টোরেন্ট আরোপের স্থগিতাদেশ এর মেয়াদ আগামী ১৬/০৬/২০২৬খ্রিঃ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত বৃদ্ধি করা হলো।”

২। বন্দর ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান ও বন্দরের অপারেশনাল কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দর এবং ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে স্থিত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। উক্ত মতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জারী করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
পরিচালক (ট্রাফিক)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।